<u>০৫। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :</u> বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমান পরিস্থিতি বিবেচনায় রেখে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে প্রশিক্ষণার্থীদের সুরক্ষিত রাখার লক্ষ্যে ৩০ এপ্রিল ২০২০ থেকে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ ক্লাস শুরু হয়ে অদ্যাবধি নিয়মিত চলছে। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের ব্যবস্থাপনা ও উদ্যোগে দেশের প্রথম সিলেট থেকে এই অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমটি শুরু হয়। শিশু ও সাধারণ বিভাগের প্রায় এক হাজার শিক্ষার্থীর অংশগ্রহণে একটি নির্ধারিত ফেসবুক গ্রুপে এই প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হচ্ছে। প্রশিক্ষক ও শিক্ষার্থীরা এই সংকটময় মুহূর্তেও প্রণীত সময়সূচি অনুযায়ী বাসা থেকেই কেউ ক্লাস পরিচালনা কিংবা কেউ ক্লাস গ্রহণ করছেন।

<u>০৬। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :</u> করোনা ভাইরাসের সংক্রমণ থেকে সকলকে সুরক্ষিত রাখার লক্ষ্যে ১৮ মার্চ ২০২০ খ্রি. থেকে সিলেট জেলা শিল্পকলা একাডেমি লাইব্রেরি সংক্রান্ত কার্যক্রম বন্ধ রয়েছে।

সংযুক্ত :
১. আলোকচিত্র ১টি।
২. অনলাইন শিল্পআড্ডার লিংক facebook.com/zsasylhet
৩. অনলাইন ক্লাসের লিংক www. facebook.com/groups/620817121803769/
৪. পেপার কাটিং ১ কপি।

০৩/০৮/২০২০

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
জেলা শিল্পকলা একাডেমি
সিলেট।

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।